## খাতওয়ারী জুলাই ২০২১ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড জুলাই ২০২১ মাসে **সর্বমোট ৬৭ কোটি ৯২ লক্ষ ৩৮০ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। জুলাই ২০২১ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ৫৮ লক্ষ ৭২ হাজার ৮০ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণঃ

| ক্রমিক | আটককৃত মালামাল | পরিমাণ | মূল্য (টাকা) |
|---|---|---|---|
| **চোরাচালান পণ্য** | | | |
| ১। | লইটা মাছ | ১৯,৪৪০ কেজি | ১১,৮২,০০০/০০ |
| ২। | সামুদ্রিক মাছ | ৯,৮০০ কেজি | ১৮,৪৮,৫০০/০০ |
| ৩। | কচ্ছপ | ৭৩টি | ১,০৯,৫০০/০০ |
| ৪। | গরু | ০৮টি | ৩,০৭,৫০০/০০ |
| ৫। | কাঠ | ২৪০ কেজি | ১,০৮০/০০ |
| ৬। | মোবাইল | ০৩টি | ৪,৫০০/০০ |
| ৭। | বোট/ট্রাক | ০২টি | ১০,৩০,০০০/০০ |
| | | **মোট** | **৪৪,৮৩,০৮০/০০** |
| **অস্ত্র উদ্ধার** | | | |
| ১। | অস্ত্র | ০৩টি | - |
| ২। | তাজা গোলা | ০৪টি | - |
| ৩। | রামদা/পাইরোটেকনিক | ০৯টি | |
| **মৎস্য সম্পদ** | | | |
| ১। | কারেন্ট জাল | ১,১৯,০৩,৭০০ মিটার | ৪১,৬৬,২৯,৫০০/০০ |
| ২। | বেহুন্দি/মশারি জাল | ৭৩২টি | ৩,৮০,০৫,৫০০/০০ |
| ৩। | অন্যান্য জাল | ৫৫,১৮,৫১৬ মিটার | ১২,২০,২৪,৮০০/০০ |
| ৪। | জাটকা | ৪,৪৪৭ কেজি | ১৩,৪৮,৫০০/০০ |
| ৫। | রেনু পোনা | ১,৬৩,০১,৬৫০ পিস | ৩,৪২,৫০,০০০/০০ |
| ৬। | বোট | ৬২টি | ৬,১০,৭০,০০০/০০ |
| | | **মোট** | **৬৭,৩৩,২৮,৩০০/০০** |
| **মাদকদ্রব্য** | | | |
| ১। | ইয়াবা | ৯৭০ পিস | ৩,০৯,৪০০/০০ |
| ২। | বিভিন্ন প্রকার মদ | ৪৬২ বোতল/ক্যান | ২,৪১,৮০০/০০ |
| ৩। | গাঁজা | ৯৭০ গ্রাম | ৪০,০০০/০০ |
| ৪। | সিগারেট | ১,৮০,০০০ শলাকা | ২,৩৯,৪০০/০০ |
| ৫। | দেশীয় মদ | ৩৪ লিটার | ১৭,০০০/০০ |
| ৬। | মোবাইল | ০৩টি | ৩০,০০০/০০ |
| ৭। | মোটরসাইকেল/অটোরিক্সা | ০৪টি | ৫,১০,০০০/০০ |
| | | **মোট** | **১৩,৮৭,৬০০/০০** |
| **পরিবেশ রক্ষা** | | | |
| ১। | হরিণের চামড়া | ০১টি | - |
| ২। | হরিণের মাংস | ১২ কেজি | - |
| ৩। | পলিথিন | ০৭ কেজি | ১,৪০০/০০ |
| | | **মোট** | **১,৪০০/০০** |
| **আটককৃত জনবল** | | | |
| ১। | বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি | ১১ জন | - |
| **উদ্ধার অভিযান** | | | |
| ১। | যাত্রী/ মাঝি | ৫২ জন | - |
| ২। | মৃতদেহ উদ্ধার | ০২ টি | - |
| ৩। | বোট | ০৩টি | - |
| | | **সর্বমোট** | **৬৭,৯২,০০,৩৮০/০০** |

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। ১০ নভেম্বর ২০২০ হতে জাটকা নিধন প্রতিরোধ অভিযান ২০২১ উপলক্ষ্যে অতিরিক্ত স্টেশান/আউটপোস্ট স্থাপনের মাধ্যমে অভিযান পরিচালনা করা হচ্ছে। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুলাই ২০২১ মাসে সর্বমোট ৬৭ কোটি ৩৩ লক্ষ ২৮ হাজার ৩০০ টাকার ৪১.৬৬,২৯,৫০০ মিটার কারেন্ট জাল, ১২,২০,২৪,৮০০ মিটার অন্যান্য জাল, ৭৩২টি বেহুন্দি/মশারি জাল, ৪,৪৪৭ কেজি জাটকা, ১,৬৩,০১,৬৫০ পিস রেনু পোনা ও ৬২টি বোট আটক করা হয়।

৪। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান।** গত ০৮ জুলাই ২০২১ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে, বিসিজি ষ্টেশন হাতিয়া কর্তৃক নোয়াখালী জেলার হাতিয়া থানাধীন ০১ নং হরনী ইউনিয়ন ৩ নং ওয়ার্ডের মেঘনা নদীর টাংকির খাল এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ০৩ জন ডাকাতসহ ০১টি দেশীয় দুইনলা বন্দুক, ০১টি দেশীয় পাইপগান, ০১টি দেশীয় এলজি, ০৪ রাউন্ডস তাজা গোলা, ০৪টি পাইরোটেকনিক ও ০৫টি রামদা আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ০৩ জন ডাকাত ও উদ্ধারকৃত অস্ত্র হাতিয়া থানায় হস্থান্তর করা হয়।

৫। **উদ্ধার অভিযান**।

(ক) গত ২৪ জুলাই ২০২১ তারিখে চর ফ্যাশন থানার মেঘনা নদীর চর প্রিয়াল এলাকায় ০১টি বোট পানিতে ডুবে যায়। তৎক্ষনাত বিসিজি আউটপোস্ট চরমানিকা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে বোটসহ ১৬ জন জেলেকে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদের পরিবারের নিকট স্থানান্তর করা হয়।

(খ) গত ২৭ জুলাই ২০২১ তারিখে সন্দ্বীপ থানার কালীর চর এলাকায় এফভি রিয়াদ নামের ০১টি বোট ১১ জন জেলে নিয়ে পানিতে ডুবে যায়। তৎক্ষনাত বিসিজি আউটপোস্ট সারিকাইত কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ১১ জন কে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃতদের পরিবারের নিকট স্থানান্তর করা হয়।

(গ) গত ২৮ জুলাই ২০২১ তারিখে সন্দ্বীপ থানার চকোতলী ঘাট এলাকায় এমভি রাজিয়া-২ নামের ০১টি বোট ১৪ জন জেলে নিয়ে ইঞ্জিন বিকল হয়ে পানিতে ভাসতে থকে। তৎক্ষনাত বিসিজি আউটপোস্ট সারিকাইত কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ১৪ জন কে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃতদের মালিকের নিকট স্থানান্তর করা হয়।

(ঘ) গত ৩০ জুলাই ২০২১ তারিখে হাতিয়া থানার মেঘনা নদীর কাজীর হাট এলাকায় ১২ জন জেলেসহ ০১টি বোট পানিতে ডুবে যায়। তৎক্ষনাত বিসিজি স্টেশন হাতিয়া কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে বোটসহ ১১ জন জেলেকে জীবিত ও ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলে, মৃদদেহ ও বোট পরিবারের নিকট স্থানান্তর করা হয়।

(ঙ) গত ৩০ জুলাই ২০২১ তারিখ বরিশাল জেলার সদর উপজেলাধীন কাউনিয়া থানার বেলতলা ফেরি ঘাট এলাকার চরমোনাই হতে বেলতলা খেয়াঘাটে নৌকা যোগে পারাপারের সময় একজন ব্যক্তি কীর্তনখোলা নদীতে পড়ে যায়। বিসিজিএস পাবনা ঘটনাস্থলে দ্রুত উপস্থিত হয় এবং বরিশাল বিআইডব্লিউটিএ এর জেটির পার্শ্ব হতে মৃত দেহটি উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে বিসিজিএস পাবনা এর ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস, নৌ পুলিশ এবং স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করতঃ উদ্ধারকৃত মৃত ব্যক্তিকে নৌ পুলিশের নিকট হস্তান্তর করেন।

(৬) **করোনা অভিযান।** সাম্প্রতিক সময়ে দেশব্যাপি করোনা ভাইরাসের (কোভিড-১৯) সনাক্ত ও মৃত্যুর হার উদ্বেগজনকহারে বৃদ্ধি পেয়েছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনার আলোকে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক বিভিন্ন প্রতিরোধমূলক ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এতদ্‌প্রেক্ষিতে কোস্ট গার্ড সদর দপ্তরসহ জোনসমূহের অপারেশান্স রুমে করোনা মনিটরিং সেল গঠনের মাধ্যমে সার্বক্ষনিক করোনা পরিস্থিতি পর্যবেক্ষণ করা হয়। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় সরকারের নির্দেশনা মোতাবেক লকডাউন নিশ্চিতকল্পে বাংলাদেশ কোস্ট গার্ড দায়িত্বাধীন এলাকাসমূহে গুরুত্বপূর্ণ স্থানে চোক পয়েন্ট স্থাপনকরতঃ নৌপথ ব্যবহার করে লঞ্চ/ট্রলার/বোটের মাধ্যমে ঢাকা/নারায়ণগঞ্জ হতে বিভিন্ন এলাকায় গমনে নিরুৎসাহিত করা, সামাজিক দূরুত্ব নিশ্চিত করা ও সাধারণ জনগনের মধ্যে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে।